

## কানাডায় ফার্মাসিস্টদের সংবর্ধনা

অর্থসূচক ডেস্ক | ৫ জানুয়ারি, ২০১৫ ১২:৩৮ পূর্বাহ্ন

 Print  PDF



কানাডায় ফার্মাসিস্টদের সংবর্ধনা অনুষ্ঠান

সম্প্রতি কানাডার টরন্টোতে প্রবাসী চার ফার্মাসিস্টকে সংবর্ধনা দেওয়া হয়েছে। এরা দেশটির ফার্মেসি এক্সামিনেশন বোর্ডের পরীক্ষায় অংশ নিয়ে কৃতকার্য হয়েছেন। কানাডায় পেশাগত স্বীকৃতি অর্জনকারী আলোচিত চার ফার্মাসিস্টই বাংলাদেশের ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে পড়াশোনা করেছেন। এরা হচ্ছেন- এনায়েত করিম, পারভীন আক্তার, মাসুদা খাতুন এবং শাফিনা শাহরীন নওসী।

এক্স ফার্মেসী স্টুডেন্টস এসোসিয়েশন (ইপ্সা), ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক ওই সংবর্ধনার আয়োজন করে। এতে সভাপতিত্ব করেন মুহাম্মদ মাহবুবুল হক। সাবা রহমানের সঞ্চালনায় সংবর্ধিতরা ছাড়াও বক্তব্য রাখেন সংগঠনের উপদেষ্টা পরিষদের সদস্য আল-কামাল পাশা, সম্মানিত সদস্য তাহেরা হোসেন এবং এলিজা আহমেদ।

সংবর্ধনা প্রাপ্তদের সবাই সেবার মনোভাব নিয়ে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। মুহাম্মদ মাহবুবুল হক তাঁর বক্তব্যের এক পর্যায়ে বলেন ২০১৪ সালের নভেম্বরে অনুষ্ঠিত ফার্মেসী এক্সামিনেশন বোর্ড অব কানাডা'র চূড়ান্ত পর্বে অংশ নেয়া ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের ফার্মাসিস্টদের পাশের হার শতভাগ।

Link-

[http://www.arthosuchak.com/archives/139878/%E0%A6%95%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%BE%E0%A6%A1%E0%A6%BE%E0%A7%9F-%E0%A6%AB%E0%A6%BE%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%B8%E0%A7%8D%E0%A6%9F%E0%A6%A6%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%B8/#.VK4I\\_vmUdZ9](http://www.arthosuchak.com/archives/139878/%E0%A6%95%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%BE%E0%A6%A1%E0%A6%BE%E0%A7%9F-%E0%A6%AB%E0%A6%BE%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%B8%E0%A7%8D%E0%A6%9F%E0%A6%A6%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%B8/#.VK4I_vmUdZ9)

সাপ্তাহিক



# দেশের আলো

DESHER ALO MEDIA (VOICE OF BANGLADESH)

বাংলাদেশের প্রথমিক জনস্বার্থক আন্দোলন

December 30, 2014 : Vol. 09

Tuesday || মঙ্গলবার

পৌষ ১৬, ১৪২১ || সংখ্যা ৪১

## ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের ফার্মাসিষ্টদের সংবর্ধনা



গত ২৬ অক্টোবর ২০১৪ তারিখে জনাব মুহাম্মদ মাহবুবুল হক এর সভাপতিত্বে ও মিসেস সাব্বা রহমানের সম্বলনায় >> এরপর পৃষ্ঠ ৪২

>> শেষ পাতার পর

## ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের ফার্মাসিষ্টদের..

এক্স ফার্মেসী স্টুডেন্টস্ এসোসিয়েশন (ইপ্সা), ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক, ঢাকা, বাংলাদেশের উদ্যোগে পেশাগতভাবে যোগ্য ফার্মাসিষ্টদের এক সংবর্ধনা অনুষ্ঠান টরন্টোর ড্যানফোর্থের একটি পার্টি রুমে অনুষ্ঠিত হয়। কানাডার ফার্মাসিষ্ট হিসেবে পেশাগত স্বীকৃতি অর্জনকারী ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের জনাব এনায়েত করিম, মিসেস পারভীন আক্তার, মিসেস মামুদা খাতুন এবং মিসেস শাফিনা শাহরীন নওশীকে সংবর্ধনা প্রদান করা হয়।

সংবর্ধনা প্রাপ্তদের সকলেই সেবার মনোভাব নিয়ে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। জনাব মাহবুব তাঁর বক্তব্যের এক পর্যায়ে বলেন ২০১৪ সালের নভেম্বরে অনুষ্ঠিত ফার্মেসী এডমিনেশন বোর্ড অব কানাডার চূড়ান্ত পর্বে অংশ নেয়া ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের ফার্মাসিষ্টদের পাশের হার শতভাগ।

উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন ইপ্সা'র উপদেষ্টা পরিষদের সদস্য জনাব আর-কামাল পাশা, ইপ্সা, ও সম্মানীত সদস্য মিসেস তাহেরা হোসেন এবং মিসেস এলিজা আহমেদ। আরও বক্তব্য রাখেন এশিয়া প্যাসিফিকের মধ্যে থেকে কানাডায় প্রথম রেজিস্ট্রেশন প্রাপ্ত জনাব এনায়েত করিম। সংবর্ধনা শেষে এক প্রীতি নৈশ ভোজের আয়োজন করা হয়।

# প্রবাসী কন্ঠ

PROBASHI KANTHO

www.probashikantho.ca

A Bengali Community Newsmagazine in Canada.

Vol. 02, Issue 12 ■ December, 2014 ■ Price: \$1



## ইউনিভারসিটি অব এশিয়া প্যাসিফিকের ফার্মাসিস্টদের সংবর্ধনা

পত ২৬ ডিসেম্বর শুক্রবার জনাব মুহাম্মদ মাহবুবুল হক এর সভাপতিত্বে ও মিসেস সাবা রহমানের সঞ্চালনায় এক ফার্মেসী স্টুডেন্টস এসোসিয়েশন (ইপসা), ইউনিভারসিটি অব এশিয়া প্যাসিফিক, ঢাকা, বাংলাদেশ এর উদ্যোগে পেশাগতভাবে যোগ্য ফার্মাসিস্টদের এক সংবর্ধনা অনুষ্ঠান টরন্টোর ড্যানফোর্থে একটি রেস্টুরেন্টের পার্টিরমে অনুষ্ঠিত হয়। কানাডায় ফার্মাসিস্ট হিসেবে পেশাগত স্বীকৃতি অর্জনকারী ইউনিভারসিটি অব এশিয়া প্যাসিফিকের জনাব এনায়েত করিম, মিসেস পারভীন আক্তার, মিসেস মাসুদা খাতুন এবং মিসেস শাফিনা শাহরীন নওশীকে সংবর্ধনা প্রদান করা হয়। সংবর্ধনাপ্রাপ্তদের সকলেই সেবার মনোভাব নিয়ে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। জনাব মাহবুব তাঁর বক্তব্যের এক পর্যায়ে বলেন, ২০১৪ সালের নভেম্বরে অনুষ্ঠিত ফার্মেসী এক্সামিনেশন বোর্ড অব কানাডার চূড়ান্ত পরবে অংশ নেয়া ইউনিভারসিটি অব এশিয়া প্যাসিফিকের ফার্মাসিস্টদের পাশের হার শতভাগ।

সংবর্ধনা অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন ইপসার উপদেষ্টা পরিষদের সদস্য জনাব আল-কামাল পাশা, ইপসার সম্মানিত সদস্য মিসেস তাহেরা হোসেন এবং মিসেস এলিজা আহমেদ এবং এশিয়া প্যাসিফিকের মধ্য থেকে কানাডায় প্রথম রেজিস্ট্রেশনপ্রাপ্ত জনাব এনায়েত করিম। সংবর্ধনা শেষে এক প্রীতি নৈশ ভোজের আয়োজন করা হয়। -প্রেস বিজ্ঞপ্তি